

স্মারক: সিইডিপি/পিএমইউ/প্রশিক্ষণ/বিজ্ঞপ্তি-/২০২১/০১

তারিখ: ১৫/০২/২০২৪ খ্রি.

বিজ্ঞপ্তি

- সূত্র: ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৩.২৫.১০৭.১৭ (অংশ)-১১; তারিখঃ ১৮ জানুয়ারি ২০২৪
২. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১১০.১৮.০৪০.১৮.১১২; তারিখঃ ১৫/০২/২০২৪ খ্রি.

বিষয়: CEDP এর আওতায় প্রশিক্ষণে অংশগ্রহণ।

সূত্রোক্ত পত্রদ্বয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ২৪/০২/২০২৪ (সম্ভাব্য) তারিখ থেকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীনে কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (সিইডিপি) শীর্ষক প্রকল্পের আওতায় পর্যায়ক্রমে নিম্নোক্ত প্রশিক্ষণসমূহ বর্ণিত সময়সূচি (সম্ভাব্য) অনুযায়ী ফেস টু ফেস শুরু হতে যাচ্ছে।

ক্র	প্রশিক্ষণের নাম	সেয়াদকাল	ধরণ	শিক্ষক চাহিদা (প্রতি কলেজ)	সম্ভাব্য ভেন্যু
১.	Basic ICT	১০ দিন	অনাবাসিক (জেলাভিত্তিক)	০৮	জেলা পর্যায়ে IDG প্রাপ্ত কলেজ / সুবিধাজনক ভেন্যু
২.	Continuous Professional Development (CPD)	১৫ দিন	আবাসিক/ অনাবাসিক	০৫	জাতীয় বিশ্ববিদ্যালয় / উন্মুক্ত বিশ্ববিদ্যালয় / সুবিধাজনক ভেন্যু
৩.	ToT on Pedagogy	২৮ দিন	আবাসিক	০২	চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান
৪.	ToT on Advanced ICT	২৮ দিন	আবাসিক	০২	চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান

সম্মানিত অধ্যক্ষ মহোদয়গণকে স্ব স্ব কলেজের আগ্রহী ও উপযুক্ত শিক্ষকবৃন্দের নামের তালিকা আগামী ২২/০২/২০২৪ তারিখের মধ্যে নিম্নোক্ত লিংকে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ১) সরকারি-বেসরকারি কলেজের অনার্স/মাস্টার্সে পাঠদানকারী সহযোগী অধ্যাপক, সহকারি অধ্যাপক ও প্রভাষক পর্যায়ে কমপক্ষে ০২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষকবৃন্দ আবেদন করতে পারবেন।
- ২) উল্লিখিত প্রশিক্ষণসমূহের মধ্যে একজন শিক্ষক একটি মাত্র প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন।
- ৩) যেসকল শিক্ষক 'সিইডিপি'র আওতায় নাটংহাম বিশ্ববিদ্যালয়, মালয়েশিয়ার অধীনে Teachers Training (ECPD) গ্রহণ করেছেন সেসকল শিক্ষক ৩ নং ক্রমিকের Continuous Professional Development (CPD) প্রশিক্ষণটি পুনরায় করতে পারবেন না।
- ৪) প্রকল্পের আরডিপি'র শর্ত মোতাবেক আবেদনকারী শিক্ষকদের নিয়ে একটি প্রশিক্ষণার্থী পুল প্রস্তুত করা হবে এবং উক্ত পুল হতে বাছাইকৃত প্রতি ব্যাচে ৩০/৪০ জন শিক্ষককে নিয়ে প্রশিক্ষণের জন্য পর্যায়ক্রমে ব্যাচ গঠন করে প্রশিক্ষণের জন্য মনোনীত করে জানিয়ে দেয়া হবে।
- ৫) এ বিজ্ঞপ্তির যেকোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, স্তম্ভযোজন, বিয়োজন, পরিবর্তন অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

এ বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

প্রফেসর ড. আ. ক. ম খলিলুর রহমান
সিনিয়র প্রোগ্রাম অফিসার (প্লানিং)
মোবাইল: ০১৭৩৪৮৪৮০৬১

আবেদন Submit করার নিয়মাবলী:

সিইডিপি শীর্ষক প্রকল্পের ওয়েব সাইট-www.cedp.gov.bd এ প্রবেশ করে এ লিংকে <https://forms.gle/eryoSyZLXKhAHwRW7> এ ক্লিক করলে যে ফরম আসবে, সেটি পূরণ করতে হবে।
যোগাযোগের জন্য হোয়াটসঅ্যাপ নম্বরে (০১৭৬৬৬০৯৬০০/০১৭১১৯৯১৬৫৫/০১৭১৮৯০৫৬২৫/০১৭১০১৮৩১২১) বিস্তারিত টেক্সট করলে ফিরতি বার্তায় আপনাকে অবহিত/নিশ্চিত করা হবে।

স্মারক: সিইডিপি/পিএমইউ/প্রশিক্ষণ/বিজ্ঞপ্তি-/২০২১/০১(৬)

তারিখ: ১৫/০২/২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩। অধ্যক্ষ, অনার্স-মাস্টার্স পাঠদানকারী সরকারি/বেসরকারি কলেজ;
- ৪। পরিচালক, শিক্ষক প্রশিক্ষণ কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
- ৫। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
- ৬। চেয়ারম্যানের একান্ত সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
- ৫। আইসিটি স্পেশালিস্ট, সিইডিপি (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো);
- ৬। অফিস কপি।

প্রফেসর ড. আ. ক. ম খলিলুর রহমান
সিনিয়র প্রোগ্রাম অফিসার (প্লানিং)
মোবাইল: ০১৭৩৪৮৪৮০৬১